

কারিগরি শিক্ষায় ৮শ কোটি টাকা দেবে বিশ্বব্যাংক

নিজস্ব প্রতিবেদক •
বাংলাদেশের কারিগরি শিক্ষার উন্নয়ন ও সম্প্রসারণে নতুন করে ৮শ কোটি টাকা দেবে বিশ্বব্যাংক। ফিলিস অ্যান্ড ট্রেনিং এনহান্সমেন্ট প্রজেক্টের আওতায় এ অর্থ দেবে সংস্থাটি। গতকাল বিশ্বব্যাংকের ঢাকা অফিসে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের মধ্যে একটি সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়।

বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব কাজী শফিকুল আজম এবং বিশ্বব্যাংকের পক্ষে সিনিয়র অপারেশন্স অফিসার ও টাস্কটিম লিডার ড. মো. মোখলেছুর রহমান এ-সমঝোতাপত্র স্বাক্ষর করেন।

এ সময় বিশ্বব্যাংকের ভারপ্রাপ্ত কান্ট্রিটির প্রিন্সিপাল ই. কিমস, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. মোশাফক কুমার বিশ্বাস এবং ফিলিস অ্যান্ড ট্রেনিং এনহান্সমেন্ট প্রজেক্টের প্রকল্প পরিচালক মো. ইমরানসহ শিক্ষা মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, অর্থ মন্ত্রণালয় ও বিশ্বব্যাংকের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

বিশ্বব্যাংকের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০১০ সাল থেকে বাংলাদেশ সরকার, বিশ্বব্যাংক ও কানাডার অর্থায়নে ফিলিস অ্যান্ড ট্রেনিং এনহান্সমেন্ট প্রজেক্ট বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির উদ্দেশ্য হলো কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের গুণগত মান উন্নয়নের মাধ্যমে এর জনপ্রিয়তা বৃদ্ধি ও সহজলভ্য করা। যার মধ্য দিয়ে দারিদ্র্য দূরীকরণ ও দেশ-বিদেশে মর্যাদাসম্পন্ন কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পাবে।